

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd



নং-২২.০২.০০০০.০৩৩.২৩.০০২.২০- ১৫

তারিখ : ১৬/১১/১৪২৬ বঙ্গাব্দ
০২/০৩/২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : বিশ্ব পরিবেশ দিবস ২০২০ উদযাপন উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকার জন্য লেখা আহবান।


জাতিসংঘ সাধারণ পরিষদের ২৭তম অধিবেশনে বিশ্বের জনসাধারণকে পরিবেশ দূষণ ও এর ব্যবস্থাপনা সম্পর্কে সচেতন করার উদ্দেশ্যে প্রতি বছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে বিশ্বের অন্যান্য দেশের সাথে বাংলাদেশেও যথাযোগ্য মর্যাদায় ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়ে আসছে।

২। দিবসটি উদযাপন উপলক্ষে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুসরণে পরিবেশ অধিদপ্তর পরিবেশবিদ, লেখক, গবেষক এবং বরেন্দ্র ব্যক্তিগণের লেখাসমৃদ্ধ একটি স্মরণিকা প্রকাশ করবে। স্মরণিকায় প্রকাশের লক্ষ্যে পরিবেশ-প্রতিবেশ-জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন, পরিবেশ অবক্ষয়, পানিদূষণ, বায়ুদূষণ, মাটিদূষণ, পাহাড়কর্তন, টেকসই উন্নয়ন সূচী, গ্রীন ইকোনমি, ব্লু ইকোনমি, জলবায়ু পরিবর্তন, ইটিপি/এসটিপি প্রযুক্তি, বর্জ্য ব্যবস্থাপনা, শব্দদূষণ, কার্বন ট্রেডিং, ইটভাটার পরিবেশবান্ধব প্রযুক্তি, সাসটেইনেবল ট্রান্সপোর্টেশন, রিলোকেশন অব ইন্ডাস্ট্রিজ, আরবান প্ল্যানিং প্রভৃতি পরিবেশ বিষয়ে লেখা প্রেরণ করা যাবে।

৩। জাতিসংঘ পরিবেশ (Un Environment) বিশ্ব পরিবেশ দিবস উদযাপনে প্রতিবছর একটি গুরুত্বপূর্ণ সমসাময়িক ইস্যু বেছে নেয়। সংস্থাটি এবছর বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করেছে- 'জীববৈচিত্র্য'।

৪। ৩১ মার্চ ২০২০ তারিখের মধ্যে ইমেইল: faridrenu@gmail.com ঠিকানায় সর্বোচ্চ ১৮০০ শব্দের লেখা (SutonnyMJ ফন্টে ওয়ার্ড ফাইল) প্রেরণ করা যাবে।

৫। এ পরিপ্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠান/সংস্থার আত্রহী কর্মকর্তাগণের কাছ থেকে বর্ণিত যেকোনো বিষয়ের ওপর (প্রবন্ধ/নিবন্ধ/কবিতা ইত্যাদি) প্রেরণের নিমিত্ত সংশ্লিষ্টদের অবহিত করার জন্য নির্দেয়ভাবে বিনীত অনুরোধ জানানো হলো।


(ফরিদ আহমেদ)
পরিচালক (আইটি)
ফোন: ৮১৮১৭৭৫